**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**10 AUGUST 2025** **07:35 AM IST**

==========================================================================

রাজ্যে অরুনোদয় প্রকল্পের টাকা লাভ করা মহিলারা আগামী জানুয়ারী মাস থেকে রান্নার গ্যাস ক্রয় করার সময় ২৫০ টাকা করে লাভ করবেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল তামুলপুর জেলায় বিজয় সংকল্প সমাবেশে অংশ গ্রহণ করে একথা ঘোষনা করেন । মূখ্যমন্ত্রী বলেন যে নির্বাচনের পর বড়োভূমিতে আরে কোনো দ্বিতীয় শ্রেনীর নাগরিক থাকবেন না ও সব নাগরিক প্রথম শ্রেনীর হবেন । বিজেপি সরকারের সময়কালে বড়োভুমি উন্নয়নের জোয়াড় বইছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা দাবী করেন ।

---

আসাম সরকার ভারত রত্ন ডঃ ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উদযাপন উপলক্ষে বছর ব্যাপী বিভিন্ন কার্যসূচীর আয়োজন করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৮ ই সেপ্টেম্বর গুয়াহাটীতে এই কার্যসূচীর সূচনা করবেন । এছাড়া এই কার্যসূচীর অঙ্গ হিসেবে রাজ্য সরকারের উদ্যোগে ডঃ হাজারিকার জীবদ্দশায় তাঁর সঙ্গে সরাসরি সাক্ষাৎ বা আলাপচারিতার অভিজ্ঞতা রয়েছে এমন ব্যাক্তিদের চিহ্নিত করে তাঁদেরকে এই অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে ।

এদিকে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল  জেলা আয়ুক্তের সভাকক্ষে ডক্টর ভূপেন হাজারিকার জন্ম শতবর্ষ উৎযাপন উপলক্ষ্যে এক বৈঠক অনুষ্ঠিত হবে । বৈঠকে গুয়াহাটীতে অনুষ্ঠেয় কার্যসূচীতে যোগদানের প্রস্তুতি এবং কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে । বৈঠকে  ডঃ হাজারিকার সঙ্গে জড়িত ব্যাক্তিদের আমন্ত্রণ জানানো হয়েছে । এছাড়া কাছাড় জেলার কোন ব্যাক্তি যদি তাঁর সঙ্গে মূল্যবান সময় কাটিয়ে থাকেন তবে জেলা প্রশাসনের পক্ষ থেকে  তাঁদেরকেও  এই  বৈঠকে  অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে ।

---

গুয়াহাটীতে গতকাল থেকে  উত্তর পূর্বাঞ্চলের প্রথম ক্ষুদ্র , সুক্ষ্য ও মধ্যম শিল্প প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । এই অনুষ্ঠানে হস্ত  শিল্পের কাজ ,জনজাতি গোষ্ঠীর বস্ত্রশিল্প , জৈবিকভাবে উৎপাদিত সামগ্রী প্রদর্শন ও মত বিনিময় কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।  রাজ্যের কৃষিমন্ত্রী অতুল বরা এই পদক্ষেপ নতুন শিল্পপতিদের শিল্প ক্ষেত্রে অধিক আকর্ষিত করবে বলে আশা প্রকাশ করেছেন  । উল্লেখ্য আগামী ২১ শে আগষ্ট পর্যন্ত এই প্রর্দশনী চলবে ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে গতকাল হাইলাকান্দির শ্রী কিষাণ সারদা কলেজে শক্তিপদ ব্রহ্মচারী কবিতা উৎসব ২০২৫ অনুষ্ঠিত হয়েছে । অনুষ্ঠানে মুখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক বিশ্বতোষ চৌধুরী । অধ্যাপক শ্রীচৌধুরী কবি ‘শক্তিপদ ব্রহ্মচারীর কাব্য বীক্ষা - বর্তমান সময়ের প্রেক্ষাপট’ শীর্ষক বিষয়ের ওপর বক্তব্য রাখেন । অনুষ্ঠানে বরাকবঙ্গের কেন্দ্রীয় সভাপতি রাধিকা রঞ্জন চক্রবর্তী , এস এস কলেজের অধ্যক্ষ ডক্টর

রতন কুমার , বরাক বঙ্গের প্রাক্তন সভাপতি নীতিশ ভট্টাচার্য ,সাধারন সম্পাদক গৌতম প্রসাদ দত্ত প্রমুখ বক্তব্য রাখেন । অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয় । শিলচরের কথা পরিবেশন করে শক্তিপদ ব্রহ্মচারীকে নিয়ে রচিত একটি আলেখ্য ।

---

হাইলাকান্দি পুলিশ গৌপন সূত্রের খবরের ভিত্তিতে বিভিন্ন রাজ্যে গাড়ি চুরির সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দুজন গাড়ী চোরকে আটক করেছে । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আজ ধলাই বিধানসভা কেন্দ্রের অধীন জীবনগ্রামে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামীকাল বদরপুরঘাট দেবেন্দ্র নগরের বি ভি সি এল স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্টিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

---

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় আর্জানপুর এস পি এম বি খেলবে ওয়াই এম সি দলের বিরুদ্ধে ।
ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় দর্মিখাল এফ সি ৭-১ গোলে গুরুদয়ালপুর এফ সি-কে পরাজিত করে ।

---

আসাম ৫১ তম জুনিয়র জাতীয় জল ক্রীড়া প্রতিযোগিতায় ১০ টি পদক অর্জন করে জাতীয় পর্যায়ে সপ্তম স্থান দখল করেছে । এই প্রতিযোগিতায় আসামের তীর্থাংক পেগু ছেলেদের গ্রুপ রানের ২০০ মিটার বাটারফ্লাই এবং প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ৫০ মিটার ফ্রি-স্টাইল শাখায় সোনার পদক লাভ করেছেন । জ্ঞানদীপ বরগোহাই ছেলেদের গ্রুপের ১০০ এবং ২০০ মিটার ব্যাক স্ট্রোক শাখায় ব্রোঞ্জ পদক লাভ করেছেন । অনুরূপভাবে প্রয়াস গগৈ ছেলেদের গ্রুপের ১০০ মিটার ফ্রি-স্টাইল শাখায় রূপো এবং একই বিভাগের ২০০ মিটার ও ৪০০ মিটার ফ্রি-স্টাইলে ব্রোঞ্জের পদক লাভ করেছেন ।